

নম্বর ১৩.০১.০০০০.০৩১.১১.০০২.২২.২৯৯

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮

১০ মার্চ ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: খাদ্য অধিদপ্তরধীন ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে নিয়োগের জন্য এমসিকিউ/লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা (কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষা) অনুষ্ঠান।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তরের ১১/০৭/২০১৮ খ্রি. তারিখের ১২২৯ নং স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে আবেদনকারীদের এমসিকিউ/লিখিত পরীক্ষা গত ২৮/০১/২০২২ খ্রি. তারিখে ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর (ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে ৩০ জন) খাদ্য অধিদপ্তরের ২৪/০২/২০২২খ্রি. তারিখের ২৪১ নং স্মারকে প্রকাশ করে বিজ্ঞপ্তি আকারে জারি করা হয়।

ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা (কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষা) আগামী ২৩/০৩/২০২২ খ্রি. তারিখ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, প্লট নং- ই ১৪/এক্স, আগারগাঁও, শেরে-বাংলা-নগর, ঢাকা-১২০৭ (বিসিসির বিকেআইআইসিটি)-তে অনুষ্ঠিত হবে। ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে এমসিকিউ/লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষা) পরীক্ষায় নির্ধারিত তারিখে যথাসময়ে নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সাধারণ নির্দেশনাবলি:

- ১। ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত এমসিকিউ/লিখিত পরীক্ষার জন্য ডাউনলোডকৃত প্রবেশপত্র সঙ্গে আনতে হবে;
- ২। ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীগণকে নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে অর্থাৎ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, শেরে-বাংলা-নগর, ঢাকা-তে উপস্থিত হতে হবে;
- ৩। ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীগণের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি নিম্নরূপ:


পদের নাম	ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর	বাংলা কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর	প্রতি বিষয়ে পাস নম্বর	ইংরেজি পরীক্ষার সময়	বাংলা পরীক্ষার সময়
ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর	৪০ শব্দ	৩০ শব্দ	৫০	৫০	৪০%	১০ মিনিট	১০ মিনিট

- ৪। ব্যবহারিক পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ মোবাইল, ক্যালকুলেটর বা অন্যান্য ইলেকট্রনিক্স/মেকানিক্যাল ডিভাইস বহন বা ব্যবহার করতে পারবেন না;
- ৫। ব্যবহারিক পরীক্ষা শুরু হবার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী হল ত্যাগ করতে পারবেন না;
- ৬। ব্যবহারিক পরীক্ষা শুরুর ০৫ মিনিট পর কোন পরীক্ষার্থী ল্যাবে প্রবেশ করতে পারবেন না;
- ৭। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- ৮। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ করা হবে না;

৯। ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর যথাসময়ে খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১০-৩-২০২২

মামুন আল মোর্শেদ চৌধুরী

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
- ৩) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম/ঢাকা
- ৫) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলানগ, ঢাকা।
- ৭) পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮) পরিচালক, ব্যুরো অফ রিসার্চ, টেস্টিং এন্ড কনসালটেশন (বিআরটিসি), বুয়েট।
- ৯) জনাব ডঃ এম. এম. লুৎফুল কবীর, অধ্যাপক ও প্রকল্প সমন্বয়কারী, আইআইসিটি, বুয়েট, ঢাকা।
- ১০) জনাব ডঃ মোঃ রুবাইয়াত হোসেন মন্ডল, অধ্যাপক ও পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ১১) পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলানগ, ঢাকা।
- ১২) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩) উপসচিব, সেবা শাখা, খাদ্য মন্ত্রণালয়
- ১৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
- ১৫) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৬) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ-পরিচালক), বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ১৮) অতিরিক্ত পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১৯) ব্যবস্থাপনা পরিচালক, টেলিকটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং নং-৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলাশান, ঢাকা-১২১২।

- ২০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ২১) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ২২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ২৩) প্রশাসনিক কর্মকর্তা, নেজারত শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২৪) অফিস কপি
- ২৫) মাস্টার কপি